খণ্ড 13
Dekalb County School District পরিবারকে শুভেচ্ছা,

আমরা অক্টোবর মাসে প্রবেশ করেছি। পড়াশোনার প্রতি একটানা মনোনিবেশের ক্ষেত্রে এতদিন আপনাদের সহায়তার জন্য ধন্যবাদ। আমাদের ভার্চুয়াল পরিবেশে অসাধারণ শিক্ষণ অভিজ্ঞতা প্রদান করতে DCSD শিক্ষকরা ও পরিবারবর্গ একসঙ্গে মিলে যে প্রচেষ্টা করছে তা থেকে অনবরত আমি অনুপ্রাণিত হচ্ছি।

স্কুল পুনরায় খোলা, মুখোমুখি

স্কুল শিক্ষাবর্ষের প্রথম কয়েক মাস, শিক্ষার্থী, বাবা-মা/অভিভাবক এবং কমীদের কাছে কঠিন ছিল। তবে, একসঙ্গে ও উদ্ভাবনী হয়ে আমরা আমাদের শিক্ষার্থীদের কঠোর শিক্ষণ অভিজ্ঞতা নিশ্চিত করার জন্য সমস্ত সমস্যাকে সুযোগে পরিণত করেছি। এই অনিশ্চিত সময়ে আমাদের কর্মী, শিক্ষার্থী ও পরিবারবর্গের নিরাপত্তা ও কল্যাণ ছিল আমাদের কাছে সবথেকে গুরুত্বপূর্ণ।

গত 13 জুলাই ডিস্ট্রিক্ট প্রতিশ্রুতি দিয়েছিল যে, প্রতিটি বোর্ড মিটিংয়ের পর শিক্ষার সঙ্গে যুক্ত সমস্ত গোষ্ঠীকে মাসিক ভিত্তিতে খবরাখবর দেবে। গত 14 সেপ্টেম্বরের মিটিংয়ে, ডিস্ট্রিক্ট পর্যায়ক্রমিক পরিকল্পনা প্রকাশিত করে আলোচনা করেছিল। গড় 14 দিনে DeKalb কাউন্টির 100,000 বাসিন্দার মধ্যে 100 বা তার কম জন সংক্রমিত হলে, ডিস্ট্রিক্ট পরবর্তী পর্যায়ের জন্য অগ্রসর হবে, তার আগে নয়। আমার নেতৃত্বে, কোভিড-19 রি-ওপেনিং টাস্ক ফোর্স প্রতিদিনের তথ্য পর্যবেক্ষণ করছে এবং মানছে যে 12 সেপ্টেম্বর থেকে 2 অক্টোবর পর্যন্ত গড় 14 দিনে DeKalb কাউন্টিতে প্রতি 100,000 বাসিন্দার মধ্যে 122 জন আক্রান্ত থেকে কমে 104 জন হয়েছে।

অনবরত সংক্রমণ কমার প্রত্যাশায়, ডিস্ট্রিক্ট পরবর্তী পর্যায়ের জন্য অগ্রসর হতে আমাদের কর্মী, শিক্ষার্থী ও পরিবারবর্গকে প্রস্তুত হতে নিম্নলিখিত কার্যকলাপে যুক্ত হবে:

পদক্ষেপ
চিকিত্সা বিশেষজ্ঞ পরামর্শদাতা গোষ্ঠীর সঙ্গে দ্বি-সাপ্তাহিক মিটিং অব্যাহত রাখবে
পরামর্শদাতা গোষ্ঠীদের সঙ্গে মিটিং অব্যাহত রাখবে
কর্মীদের জানাবে
কর্মীদেরকে হাইব্রিড কাজের পরিবেশে 2 সপ্তাহের জন্য ফিরে আসার বিজ্ঞপ্তি পাঠাবে
পর্যায় II শুরু: হাইব্রিড কাজের পরিবেশ (10, 11 এবং 12 মাসের কর্মী)
বাবা-মা/অভিভাবকদেরকে বৈদ্যুতিন মাধ্যমে ***পুনরায় খোলার অভিপ্রায় (Intent to Return)*** সম্পর্কিত বিজ্ঞপ্তি পাঠাবে
পর্যায় III শুরু: চিরাচরিত কাজের পরিবেশ, সপ্তাহে 5 দিন (10, 11 এবং 12 মাসের কর্মী)
অর্ধেক দিন ডিজিটাল লার্নিং
বিটা গোষ্ঠীর জন্য একদিনের হাইব্রিড লার্নিং পরিবেশ শুরু
যারা বেছে নিয়েছে সেই সমস্ত শিক্ষার্থীদের জন্য একদিনের হাইব্রিড লার্নিং পরিবেশ শুরু এবং যারা বেছে নেয়নি তাদের জন্য ডিসট্যান্স/রিমোট লার্নিং চালিয়ে যাবে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে অস্থায়ী সময় কোভিড-19 এর তথ্য ও চিকিৎসা বিশেষজ্ঞ ও স্বাস্থ্য সংস্থার থেকে বর্তমান স্বাস্থ্য নির্দেশিকার ভিত্তিতে পরিবর্তন হতে পারে। 19 অক্টোবর, কোভিড- 19 টাস্ক ফোর্স শিক্ষা পর্ষদ (Board of Education) এবং এর সঙ্গে যুক্ত সকলকে মাসিক ভিত্তিতে আপডেট দেবে।

কোভিড-19 রি-ওপেনিং টাস্ক ফোর্সের প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

প্রশ্ন: ডিস্ট্রিক্ট কীভাবে গোষ্ঠী সংক্রমণের স্তর নির্ধারণ করে?
উত্তর: গোষ্ঠী সংক্রমণের স্তর নির্ধারণ করতে কোভিড-19 রি-ওপেনিং টাস্ক ফোর্স 14 দিনের সময়ে DeKalb কাউন্টির প্রতি 100,000 এর মধ্যে কোভিড-19 এর সংক্রমণ সংখ্যা নিবিড়ভাবে পর্যালোচনা করে।

প্রশ্ন: গোষ্ঠী সংক্রমণের স্তর কী?
উত্তর: জর্জিয়ার জনস্বাস্থ্য বিভাগ (Georgia Department of Public Health) গোষ্ঠী সংক্রমণের স্তরকে এইভাবে সংজ্ঞায়িত করেছে:
বেশি: প্রতি 100,000 এর মধ্যে 100 এর বেশি সংক্রমণ
মাঝারি: প্রতি 100,000 এর মধ্যে 6-100 জনের সংক্রমণ
কম: প্রতি 100,000 এর মধ্যে 1-5 জনের সংক্রমণ

প্রশ্ন: গোষ্ঠী সংক্রমণ অঞ্চলগুলোতে স্কুলে পড়াশোনার কোন পদ্ধতির সুপারিশ করা হচ্ছে?
উত্তর: লাল জোন যেখানে "সংক্রমণের হার বেশি" সেখানে ডিসট্যান্স/রিমোট লার্নিং। যেখানে সমগ্র স্কুল ডিস্ট্রিক্ট প্রভাবিত বা স্কুল বিচ্ছিন্ন রাখা হয়েছে সেখানে এই পদ্ধতি প্রয়োগ করা যেতে পারে। এর সময়কাল স্বল্প বা দীর্ঘমেয়াদী হতে পারে।

হলুদ জোন যেখানে, "সংক্রমণের হার মাঝারি" সেখানকার জন্য নিম্নলিখিত বিকল্প রয়েছে: সম্পূর্ণভাবে ডিসট্যান্স/রিমোট লার্নিং, হাইব্রিড বা চিরাচরিত পদ্ধতি। হাইব্রিড লার্নিং হল সেইসব শিক্ষার্থীদের জন্য যারা বাসা থেকে ডিসট্যান্স/রিমোট লার্নিং পদ্ধতি ও ক্লাসে এসে শিক্ষা নিতে চায়। মাঝারি সংক্রমণের ক্ষেত্রে আরো একটি সম্ভাবনা হল চিরাচরিত শিক্ষাদান। যেখানে, শিক্ষার্থীরা সামাজিক দূরত্ব বিধি মেনে ক্লাস করবে ও পরিবেশ সুরক্ষিত রাখার জন্য ব্যবস্থা করা হবে।

সবুজ জোন যেখানে, "সংক্রমণের হার খুব কম বা নেই" সেখানে শিক্ষাদানের ক্ষেত্রে নিরাপত্তা বিধির ব্যবস্থা করে চিরাচরিত শিক্ষাদানের ব্যবস্থা করা হবে।

প্রশ্ন: কখন ডিস্ট্রিক্ট পরবর্তী পর্যায়ে যাবে?
উত্তর: ডিস্ট্রিক্ট এখনও "সংক্রমণের হার বেশি" অবস্থায় আছে। তবে, সংক্রমণের হার কমছে, ডিস্ট্রিক্ট ধীরে ধীরে শিক্ষাকর্মী ও শিক্ষার্থীদের আবার স্কুলের আসার ক্ষেত্রে নিরাপত্তা ব্যবস্থার প্রস্তুতি নিচ্ছে। সংক্রমণের হার 6-100 (হলুদ জোন) এর মধ্যে থেকে গেলে, ডিস্ট্রিক্ট হাইব্রিড মাধ্যমে অগ্রসর হবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে, সংক্রমণের হার 100 এর বেশি হলে হাইব্রিড মডেল বদলে **লাল** এবং 6 এর কম হলে **সবুজ** হতে পারে।

প্রশ্ন: যখন হাইব্রিড লার্নিং শুরু হবে, তখন শিক্ষার্থীদের কীভাবে সংগঠিত করা হবে?
উত্তর: সামাজিক/শারীরিক দূরত্ববিধি ও নিরাপত্তাবিধি মেনে চলতে স্কুলগুলি সমস্ত ক্লাস **আলফা অর্ডারের** ভিত্তিতে **দুটি দলে** ভাগ করবে। স্থানীয় স্কুলগুলো ভাই-বোনদের জন্য সময় স্থির করতে পরিবারদের সঙ্গে সহযোগী করবে। উভয় হাইব্রিড মডেলে (সপ্তাহে একদিন এবং সপ্তাহে দুই দিন), বুধবারগুলোতে শিক্ষার্থীদের ছোট ছোট গোষ্ঠীকে শিক্ষাদান, টিউটরিং, স্টুডেন্ট কনফারেন্সের জন্য অ্যাপয়েন্টমেন্ট, পেরেন্ট কনফারেন্স, পরিষেবা, পেশাদারি শিক্ষা, সহযোগী পরিকল্পনা এবং শিক্ষাদানের পরিকল্পনার জন্য সংরক্ষণ করে রাখা হবে।

প্রশ্ন: কখন বিশেষ শিক্ষা এবং 504 শিক্ষার্থীরা মুখোমুখি ক্লাস করবে?
উত্তর: হাইব্রিড লার্নিংয়ের মাধ্যমে হাইব্রিড লার্নিং ডে বলে নির্ধারিত দিনগুলোতে ডিস্ট্রিক্ট আমাদের বিশেষ শিক্ষার শিক্ষার্থী ও 504 শিক্ষার্থীদের স্কুলে এসে ক্লাস করার অনুমতি দেবে। স্পিচ ল্যাঙ্গুয়েজে, ফিজিক্যাল থেরাপি, অকুপেশনাল থেরাপি এবং আচরণগত সহায়তা। আমাদের বুদ্ধিগত দিক থেকে অক্ষম শিক্ষার্থীদের লিঁয়াজো এবং অটিজম/আচরণগত সহায়তার কর্মীরা কাঠামো ও রুটিনের পরিবর্তনের জন্য পর্যায় পরিবর্তনের জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করতে পরিবার ও শিক্ষকদের সঙ্গে সহযোগী করবে।

প্রশ্ন: ক্লাসরুম, স্কুল বা ক্লাস্টারে কোনো প্রার্দুভাব দেখা দিলে ডিস্ট্রিক্ট কীভাবে তার মোকাবেলা করবে?
উত্তর: যদি স্কুলের কোনো কর্মী বা শিক্ষার্থীর কোভিড-19 পরীক্ষার ফলাফল পজিটিভ আসে, তাহলে স্কুল এবং/অথবা ক্লাসরুম প্রভাবিত হবে, যার ফলে সাময়িক সময়ের জন্য শিক্ষাদান পদ্ধতি পরিবর্তন করে ডিসট্যান্স/রিমোট লার্নিং করা হতে পারে এবং কাজের পরিবেশেরও পরিবর্তন করা হতে পারে।

প্রশ্ন: কোনো কর্মী বা শিক্ষার্থীর মধ্যে কোভিড-19 এর উপসর্গ দেখা দিলে ডিস্ট্রিক্ট কী করবে?
উত্তর: কোনো কর্মী বা শিক্ষার্থীর উপসর্গ দেখা দিলে, সেই কর্মী বা শিক্ষার্থীকে অবিলম্বে বিচ্ছিন্ন করা হবে। ডিস্ট্রিক্ট জর্জিয়ার জনস্বাস্থ্য বিভাগ, DeKalb জনস্বাস্থ্য এবং রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (DeKalb Public Health and Centers for Disease Control and Prevention) নির্দেশনা মেনে চলবে।

প্রশ্ন: যেহেতু আমরা আবার খোলার জন্য প্রস্তুত হচ্ছি, তাই শিক্ষার্থীদের জন্য কি মানসিক সহায়তা উপলভ্য হবে?
উত্তর: হ্যাঁ, শিক্ষার্থীদের সফলতা সুনিশ্চিত করতে স্কুলগুলো সহায়তা পেতে থাকবে। স্কুলের সমাজকর্মী, মনোবিদ, কাউন্সেলর এবং অন্যান্য সহায়ক কর্মীরা শিক্ষার্থীদের সফলতার অন্তরায় নির্মূল করতে শিক্ষক ও প্রশাসকদের সঙ্গে নিবিড়ভাবে কাজ করবেন।

প্রশ্ন: আমরা যেহেতু স্কুল আবার খুলতে চলেছি তাই মানসিক স্বাস্থ্যের সচেতনতা খুবই গুরুত্বপূর্ণ হবে। ডিস্ট্রিক্ট কীভাবে এই প্রচেষ্টাকে সাহায্য করবে?
উত্তর: ডিস্ট্রিক্ট স্থানীয় স্কুলগুলোর কর্মীদের জন্য যুব মানসিক স্বাস্থ্য সচেতনতা নিয়ে প্রশিক্ষণ দিতে প্রতিশ্রুতিবদ্ধ থাকবে। ভার্চুয়াল মাধ্যমে প্রশিক্ষণের পাশাপাশি মুখোমুখি প্রশিক্ষণ সেশনের জন্য মডিউল তৈরি করা হচ্ছে।

প্রশ্ন: স্কুল পুনরায় খোলার পর্যায়ে বাবা-মারা কীভাবে সংযুক্ত থাকবেন?
উত্তর: পিতা/মাতা ও পরিবার সম্পৃক্ততা কৌশল ও বাবা-মাদের কী করা উচিত তা সম্পর্কে জানানোর জন্য ভার্চুয়াল মাধ্যম ব্যবহার করা চালিয়ে যাবে। পুনরায় খোলা সম্পর্কে বর্তমান তথ্যের জন্য স্কুল ডিস্ট্রিক্টের ওয়েবসাইটও একটি সেরা সংস্থান।

প্রশ্ন: স্কুল কি ডিস্ট্রিক্ট পরিবারদের জন্য অনুবাদ এবং দোভাষী সহায়তা প্রদান করবে?
উত্তর: হ্যাঁ। স্থানীয় স্কুলগুলোকে নথি অনুবাদ করার জন্য ইংলিশ লার্নার ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ করতে হবে। বেশি সংখ্যক ইংরেজী শিক্ষার্থী থাকা স্কুলগুলোতে দোভাষী নিয়োগ করা হয়। ইংরেজী মাতৃভাষা নয় এমন বেশি সংখ্যক পরিবার থাকা স্কুলগুলোকে সাহায্যের জন্য (primary home language other than English, PHLOTE) অতিরিক্ত সাহায্যের অনুরোধ করা যেতে পারে।

প্রশ্ন: শরতের স্পোর্টসে অংশ নেয়া শিক্ষার্থীরা কি প্রতিযোগিতামূলক খেলা করতে পারবে?
উত্তর: হ্যাঁ, ডিস্ট্রিক্ট অক্টোবরের প্রথমে ভার্সিটিকে শরতের স্পোর্টস প্রতিযোগিতামূলক খেলা শুরু করার অনুমতি দেবে। কোভিড-19 হেলথ টিম খেলাধূলা চালিয়ে যাওয়া হবে কিনা এবং দর্শকদের প্রবেশ করতে দেয়া হবে কিনা সেই বিষয়ে সিদ্ধান্ত নিতে তথ্য পর্যবেক্ষণ করবে।

প্রশ্ন: "সহায়ক গোষ্ঠীর" সংজ্ঞা কী?
উত্তর: সহায়ক গোষ্ঠীরা মার্চিং ব্যাণ্ডের সঙ্গে যুক্ত। স্কুলগুলোর ডান্স টিম, ফ্ল্যাগ ক্রুপ, পেপ টিম, মেজোরেটস, এবং ড্রিল টিম আছে যারা ফুটবল গেমে অংশ নেয়।

প্রশ্ন: শিক্ষার্থীদের কি নাটক, বিতর্ক সভা এবং নাচ/থিয়েটার অনুশীলন করার অনুমতি আছে?
উত্তর: পাঠ্যক্রমের কার্যক্রম (সংবাদপত্র, মিউজিক্যা পারফরমেন্স, আর্ট শো, মক ট্রায়াল, বিতর্ক প্রতিযোগিতা, গণিত দল, বানান প্রতিযোগিতা, বিজ্ঞান মেলা, রোবোটিকস এবং ইঞ্জিনিয়ারিং দল এবং প্রতিযোগিতা) তখন আবার চালু হবে যখন হাইব্রিড মডেলের এক দিন বা দুই দিনের পর্যায় শুরু হবে। শিক্ষার্থীদের যে দিন স্কুলে আসতে বলা হয়েছে সেদিন তারা স্কুলে এলে অংশ নিতে পারবে। আমরা GHSA দ্বারা নিষিদ্ধ নয় এমন পাঠ্যক্রমের কার্যক্রম ও পাঠ্যক্রম বর্হিভূত কার্যক্রম (ক্লাব স্পোর্টস অন্তর্ভুক্ত) করতে আমরা স্থানীয় স্কুল প্রশাসকদের সঙ্গে সহযোগীতা করা চালিয়ে যাচ্ছি।

প্রশ্ন: পড মানে কী?
উত্তর: পডগুলোতে সমগ্র পড অ্যাক্টিভিটির জন্য এক ধরনের শিক্ষার্থীদের রাখা হয়। ডিরেক্টর এবং কম্যান্ডার এবং তাদের কর্মীরা শিক্ষার্থীদেরকে আগে থেকে পড গ্রুপে নিয়োজন করবে। পড অ্যাসাইনমেন্ট দিনের পর দিন বদলানো যাবে না। কাউকে পড থেকে স্থায়ীভাবে অপসারণ করা হলে, পডে স্থায়ীভাবে সামঞ্জস্যতা করা যেতে পারে। পড রিহার্সেলের সময় এমনভাবে স্থির করতে হবে যাতে প্রবেশ/বাহির পথে বাধার সৃষ্টি না হয়, যাতে স্যানিটাইজ করা যায় এবং সরঞ্জাম রেখে দেয়া যায় ও বায়ু চলাচল করতে পারে (20 মিনিট)।

প্রশ্ন: স্কুল ডিস্ট্রিক্ট কী পরিষ্কার করার বিধি প্রদান করেছে?
উত্তর: স্কুল ও অফিস বিল্ডিং আরো পরিষ্কার ও জীবাণুমুক্ত রাখার জন্য পরিষ্কার করা নিয়ে নির্দেশিকা প্রদান করেছে। পরিষ্কার করার বিধিতে বেশি স্পর্শ করা স্থান ও বহুল ব্যবহৃত স্থান স্যানিটাইজ করতে বলা হয়েছে।

প্রশ্ন: স্কুলের জন্য কোভিড-19 সংক্রান্ত কী কী সরঞ্জাম উপলভ্য রয়েছে?
উত্তর: ব্যবসায়িক পরিষেবা বিভাগ স্কুল পুনরায় খোলার ক্ষেত্রে দরকারি কোভিড-19 সংক্রান্ত সরঞ্জাম প্রদান করেছে। এগুলো হল হ্যান্ড স্যানিটাইজার, পরিষ্কার ও জীবাণু নাশ করার সরঞ্জাম, মাস্ক, গ্লাভস এবং সুরক্ষা ও পরিষ্কার করার অন্যন্য সরঞ্জাম। ব্যবসায়িক পরিষেবা বিভাগ স্কুল ও কেন্দ্রসমূহের জন্য প্রয়োজনীয় অতিরিক্ত কোভিড-19 সংক্রান্ত সরঞ্জাম প্রস্তুত করছে।

প্রশ্ন: স্কুল ও অফিস বিল্ডিংগুলোতে ভেন্টিলেশনের ব্যবস্থা করতে কী কী ব্যবস্থা করা হয়েছে?
উত্তর: পরিষ্কার করা ও ফিল্টার বদলানো সহ সমস্ত HVAC ইউনিট কর্মীরা প্রতি তিন মাস অন্তর রক্ষণাবেক্ষণ করেন। এছাড়াও, রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র ও শিল্পখাতের সুপারিশ অনুসারে ভেন্টিলেশন বাড়ানোর জন্য HVAC ইউনিট সামঞ্জস্য করা হয়েছে।

প্রশ্ন: স্কুল ও কর্মক্ষেত্র আবার খোলার ক্ষেত্রে নিরাপদ পরিবেশ বজায় রাখতে কী কী সতর্কতামূলক ব্যবস্থা নেয়া হয়েছে?
উত্তর: রিসেপশন ডেস্ক ও জন সংযোগমূলক কাজ হয় এমন স্থানে পেক্সিগ্লাস পার্টিশন লাগানো হয়েছে। বেশি জন সমাগম হয় এমন স্থানে হ্যান্ড স্যানিটাইজার ডিস্পেনসার বসানো হয়েছে। স্বাস্থ্যবিধি মেনা চলা সব সময় মনি করিয়ে দিয়ে সারা স্কুল ও ভবন জুড়ে জনস্বাস্থ্য সংক্রান্ত চিহ্ন বসানো হয়েছে।

প্রশ্ন: স্কুল বাসে করে যে সকল শিক্ষার্থীরা আসবে তাদের জন্য কী নিরাপত্তাবিধি নেয়া হয়েছে?
উত্তর: শিক্ষার্থীদেরকে মাস্ক পরতে হবে এবং বাসে হ্যান্ড স্যানিটাইজার পাওয়া যাবে। বাস চালক ও মনিটরদের মাস্ক পরতে হবে এবং ফেস শিল্ড দেয়া হবে।

প্রশ্ন: যোগ্য শিক্ষার্থীদের জন্য স্কুল যাওয়া ও আসার জন্য কি বাসের ব্যবস্থা করা হবে?
উত্তর: বাস রুট স্বাভাবিক ভাবেই চলবে। হাইব্রিড মডেলের কারণে যাত্রী সংখ্যা কমবে এবং বাসেও সামাজিক দূরত্ব বজায় রাখা যাবে।

প্রশ্ন: স্কুলে আমার বাচ্চা কী তার নিজের ডিভাইস ব্যবহার করতে পারবে?
উত্তর: DCSD অ-DCSD ডিভাইসের জন্য গেস্ট নেটওয়ার্কের সুবিধা প্রদান করবে। স্কুল ডিস্ট্রিক্টের নেটওয়ার্ক যে সব ডিভাইস সংযুক্ত হতে পারবে বাবা-মা ও শিক্ষার্থীদেরকে তার একটি তালিকা দেয়া হবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে, ডিস্ট্রিক্ট ব্যক্তিগত ডিভাইস মেরামত বা সাহায্য করবে না।

প্রশ্ন: রিমোট লার্নিংয়ের সময় আমরা প্রত্যাখ্যান করে থাকলেও কি আমার বাচ্চা ডিভাইসের অ্যাক্সেস পাবে?
উত্তর: হ্যাঁ। যে সকল শিক্ষার্থীর ডিভাইস দরকার ডিস্ট্রিক্ট তাদের প্রত্যেককে ডিভাইস দিতে প্রতিশ্রুতিবদ্ধ। বাবা-মা স্কুলকে অনুরোধ করবে এবং ডিভাইস ব্যবহারকারী চুক্তিতে সই করবে। তখন শিক্ষার্থীকে একটি ডিভাইস দেয়া হবে।

প্রশ্ন: স্কুলে থাকার সময় আমার বাচ্চার ডিভাইস নষ্ট হয়ে গেলে কী হবে?
উত্তর: ব্যক্তিগত ডিভাইসের দায়িত্ব শিক্ষার্থীদের নিজেদের। স্কুলে থাকাকালীন ডিভাইসের ক্ষতি হওয়ার ঘটনা ঘটলে তার অনুসন্ধান হবে এবং স্কুল প্রশাসন সেটি দেখভাল করবেন। যদি শিক্ষার্থী ডিস্ট্রিক্টের ডিভাইস না পেয়ে থাকে, তাহলে তারা শিক্ষার্থীর ব্যবহারের জন্য ডিভাইস নিয়োজিত করতে পারে।

প্রশ্ন: স্কুলে থাকার সময় আমার বাচ্চার কি ইন্টারনেট সংযোগকারী ডিভাইস (হটস্পট) দরকার?
উত্তর: স্কুল ডিস্ট্রিক্ট সমস্ত স্কুল ও কেন্দ্রে ওয়্যারলেস ইন্টারনেট সংযোগ প্রদান করে। সংযুক্ত হওয়ার জন্য শিক্ষার্থীদের অতিরিক্ত ডিভাইসের প্রয়োজন নেই।

প্রশ্ন: স্কুলে আমার বাচ্চা যে সব সরঞ্জামের অ্যাক্সেস পায়, বাসা থেকেও কি সেই একই ভার্চুয়াল সরঞ্জামের অ্যাক্সেস পাবে?
উত্তর: ভার্চুয়াল লার্নিং পরিবেশ ক্লাউড ভিত্তিক অ্যাপ দিয়ে তৈরি। তাই যে কোনো স্থান থেকে যে কোনো সময়ে ব্যবহার করা যায়। এইসব অ্যাপের অ্যাক্সেস বিঘ্নিত হবে না।

<u>কোভিড-19 মেডিক্যাল অ্যাডভাইসরি কমিটি মিটিং</u>

এই সপ্তাহে মেডিক্যাল অ্যাডভাইসরি টাস্ক ফোর্স ভার্চুয়াল মাধ্যমে আমাদের সঙ্গে সাক্ষাত করেছে, এর জন্য তাদের ধন্যবাদ। এই কমিটি একটি উপদেষ্টা ক্ষমতার ভিত্তিতে কাজ করে এবং একে স্কুলে ক্লাস শুরু করার সময় ও শর্ত এবং সমস্ত শিক্ষার্থী, বাবা-মা, শিক্ষক এবং অন্যান্য ডিস্ট্রিক্ট কর্মীদের প্রয়োজনের সাথে সবচেয়ে উপযুক্ত মতামত দেয়ার দায়িত্ব দেওয়া হয়েছে। কোভিড-19 অতিমারীকালে আমাদের স্কুলগুলো নিরাপদে পরিচালনার জন্য সর্বোত্তম বিধি নিয়ে আলোচনা করতে কমিটি মাসে এক ঘন্টার জন্য দুইবার (2) সভার আহ্বান করবে।

ক্যাবিনেটের সদস্যরা এই সপ্তাহের অবসরে "I AM" কবিতা শেয়ার করছেন। সেইসব কবিতা থেকে এখানে কিছু অনুপ্রেরণামূলক পংক্তি দেয়া হয়েছে।

<u>ক্যাবিনেট রিট্রিট</u>

অবশেষে, এই সপ্তাহে আমি ভার্চুয়াল ক্যাবিনেট রিট্রিটের আয়োজন করেছিলাম। DCSD-এর বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তি এবং সমস্ত শিক্ষিতদের জন্য কীভাবে সাম্যতা এবং অ্যাক্সেস বজায় রাখা যায় তা নিয়ে আলোচনা করার জন্য এটি দুর্দান্ত সুযোগ ছিল। জাতিগত পক্ষপাত কীভাবে একজন শিক্ষার্থীর পড়াশোনা জীবন এবং আজীবন সাফল্যের উপর প্রভাব ফেলতে পারে তা আরো ভালভাবে বুঝতে অনেক সদস্য সমালোচনা হবে এমন প্রশ্ন জিজ্ঞাসা করেছিলেন। আমি প্রথম থেকেই জানি যে জাতি এবং ন্যায়বিচারের বিষয়ে কথোপকথন আমাদের সকলের পক্ষে কঠিন হতে পারে। তবে, ডিস্ট্রিক্ট সকল শিক্ষার্থীর জন্য শিক্ষার সমমর্যাদা বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।

আমি আশা করি সবার সাপ্তাহিক ছুটি ভালো কাটবে। আমরা কীভাবে নিরাপদে এগিয়ে যেতে পারব সেই সম্পর্কে মতামত জানিয়েছেন এমন অনেক পরিবারকে ধন্যবাদ জানাই, এবং আমাদের শিক্ষার্থীদের ধন্যবাদ জানাই, যারা প্রতিদিন রিমোট লার্নিংয়ের সহযোগীতায় এগিয়ে এসেছে।

আপনার 1 নম্বর চিয়ারলিডার

Cheryl Watson-Harris